

গ্রন্থাগারে বই পড়ি  
আলোকিত মানুষ গড়ি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল  
[publiclibrary.barisaldiv.gov.bd](http://publiclibrary.barisaldiv.gov.bd)

### বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার বরিশাল এর ভবিষ্যৎ পরিকল্পনা:

ক্র:নং	ভবিষ্যৎ পরিকল্পনা	বাস্তবায়ন
০১	আধুনিক “বঙ্গবন্ধু কর্ণার” স্থাপন	২০২০ সালে “সুজিব বর্ষ” উদযাপনের লক্ষ্যে বঙ্গবন্ধুকে নিবেদিত বই, তাঁর ছবি ও তথ্যাদি নিয়ে আমরা একটি আধুনিক “বঙ্গবন্ধু কর্ণার” স্থাপন করতে চাই।
০২	গ্রন্থাগার ভবন ও ক্যাম্পাসের সৌন্দর্য বৃদ্ধিকরণ	গ্রন্থাগার ভবনের রংকরাসহ প্রয়োজনীয় সংস্কার করা ও গ্রন্থাগার ক্যাম্পাসে ফুলের বাগান করে সামগ্রিক পরিবেশের সৌন্দর্য বৃদ্ধিকরণ রয়েছে আমাদের ভবিষ্যত পরিকল্পনায়।
০৩	সেমিনার কক্ষ আধুনিকীকরণ	দ্বিতীয় তলার সেমিনার কক্ষে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থাসহ আধুনিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। এছাড়া সেমিনার কক্ষে আরামদায়ক চেয়ার ও স্টেজ তৈরী করা।
০৪	অনলাইনে পাবলিক লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন	“অনলাইন পাবলিক লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম এবং সংশ্লিষ্ট কাজ বাস্তবায়ন” শীর্ষক প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার এর ডিজিটালাইজেশন সম্পন্ন করা। ইতোমধ্যেই প্রকল্পটির কার্যক্রম ডিসেম্বর ২০১৭খ্রি: থেকে শুরু হয়েছে।
০৫	উপজেলা পর্যায়ে সরকারি গণগ্রন্থাগার স্থাপন	“উপজেলা পর্যায়ে সংস্কৃতি কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্পের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের সহযোগিতায় বরিশাল বিভাগের বিভিন্ন উপজেলায় উপজেলা সরকারি গণগ্রন্থাগার স্থাপন।
০৬	ড্রাম্যমান লাইব্রেরি চালুকরণ	গণগ্রন্থাগার অধিদপ্তরের “দেশব্যাপী ড্রাম্যমান লাইব্রেরি” শীর্ষক প্রকল্পের মাধ্যমে বরিশাল বিভাগে লাইব্রেরি সেবা চালু করা। তিন বছর মেয়াদী (০১ জুলাই ২০১৮ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত) এই প্রকল্পটি ইতোমধ্যেই কার্যক্রম শুরু করেছে।
০৭	আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে গ্রন্থাগার সেবা প্রদান	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌছে দিতে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার বরিশাল প্রয়োজনীয় সবধরনের আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা।
০৮	পরিষ্কার পরিচ্ছন্নতাসহ গ্রন্থাগারের সার্বিক পরিবেশের উন্নতি সাধন	পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা ও গ্রন্থাগারের সার্বিক পরিবেশের উন্নতি সাধন করা।
০৯	আধুনিক তথ্য-নির্ভর সমাজ বিনির্মাণ	আধুনিক সমাজ তথ্যনির্ভর সমাজ। তথ্য বিস্ফোরনের এই যুগে প্রতিনিয়ত নতুন-নতুন তথ্য আমাদের জানতে হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কল্যাণে আমরা খুব সহজেই প্রয়োজনীয় তথ্যগুলো পেয়ে যাই। প্রযুক্তির এই আশীর্বাদকে কাজে লাগিয়ে গ্রন্থাগারকে জনগণের জন্য একটি তথ্যকেন্দ্র হিসেবে গড়ে তোলা।
১০	সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গঠন	মানুষের মানবিক মূল্যবোধ জাগ্রতকরণ, উন্নত জীবনবোধ গঠন, চিন্তার স্বাধীনতা, স্বচ্ছতা, জ্ঞানের ব্যাপকতা, দেশপ্রেম, নীতি-নৈতিকতা, উন্নত চরিত্র এককথায় একজন আদর্শ মানুষ হিসেবে গড়ে উঠতে এবং সর্বোপরি একটি সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে কাজ করা।